



প্রিন্ট: ২৬ নভেম্বর ২০২৪, ১১:২১ এএম

## শিক্ষাঙ্গন

# পবিপ্রবিতে র্যাগিংয়ের ঘটনা তদন্তে কমিটি গঠন, বহিষ্কার ৭ শিক্ষার্থী

Icon উপকূলীয় প্রতিনিধি

প্রকাশ: ২৫ নভেম্বর ২০২৪, ০৪:০০ পিএম

পবিপ্রবিতে র্যাগিংয়ের ঘটনা তদন্তে কমিটি গঠন, বহিষ্কার ৭ শিক্ষার্থী

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের ঘটনায় ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে কর্তৃপক্ষ। এতে শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট প্রফেসর ড.আসাদুল হককে আহ্বায়ক করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন- প্রফেসর ড.মাসুদুর রহমান, প্রফেসর ড.শেখ আব্দুল্লাহ আল মামুন হোসেন ও মো.আব্দুর রহিম।

প্রক্টর প্রফেসর আবুল বাশার খান এ কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। তদন্ত কমিটিকে তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়টির রেজিস্ট্রার স্বাক্ষরিত এক অফিস আদেশ থেকে এ তথ্য জানা গেছে।

তদন্ত কমিটির প্রধান প্রফেসর ড.আসাদুল হক জানান, ইতিমধ্যেই কমিটি তাদের কার্যক্রম শুরু করেছে। নির্দিষ্ট সময়ের মধ্যেই রিপোর্ট জমা দিতে চেষ্টা করবেন তারা।

এ দিকে র্যাগিংয়ের ঘটনায় প্রাথমিকভাবে ৭ শিক্ষার্থীকে হল থেকে ১ বছরের জন্য বহিষ্কার করা হয়েছে।

বহিষ্কৃতরা হলেন- ২০২২-২৩ শিক্ষাবর্ষের জিহাদ হাসান জীম, সুপেল চাকমা, জুনাইদ হোসাইন, সৌরভ সরকার শাওন, প্রিতম কারন ও তানভিরুল ইসলাম সিয়াম।

এসব বিষয়ের সত্যতা নিশ্চিত করে পবিপ্রবি'র রেজিস্ট্রার প্রফেসর ড. মামুন অর রশিদ যুগান্তরকে বলেন, প্রাথমিকভাবে ৭ জনকে চিহ্নিত করে হল থেকে বহিষ্কার করা হয়েছে। তদন্ত কমিটির রিপোর্ট পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।